গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

**প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী**

সভাপতি : সৈয়দ মামুনুল আলম, অতিরিক্ত মহাপরিচালক (অতিরিক্ত সচিব), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
তারিখ : ২৮ মার্চ ২০২৩
সময় : বেলা ২:৩০ ঘটিকা
জুম আইডি : 4016395771
পাসকোড : dpe2023

আলোচ্য বিষয়:

১। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার ২০২২-২৩) অবহিতকরণ।
২। দপ্তর/সংস্থা কর্তৃক সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার (সিটিজেনস্ চার্টারের) অগ্রগতি পর্যালোচনা।
৩। বিবিধ।

সভাপতি, অতিরিক্ত মহাপরিচালক (অতিরিক্ত সচিব), প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সম্মতিক্রমে সভার কাজ আরম্ভ হয়। সভায় অতিরিক্ত মহাপরিচালক, পরিচালকবৃন্দ এবং কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এবং মাঠ পর্যায়ের বিভাগীয় উপপরিচালক, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পিটিআই সুপারিনটেনডেন্ট, সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সহকারী, পিটিআই সুপারিনটেনডেন্ট, উপজেলা শিক্ষা অফিসার, এসএমসি সভাপতি, ইউআরসি ইন্সট্রাক্টর, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, অভিভাবক প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক, ছাত্র-ছাত্রীসহ মোট ১৭৫ জন জুম অ্যাপসে সংযুক্ত ছিলেন। সভায় আলোচ্য বিষয়াবলি ধারাবাহিকভাবে উপপরিচালক (সংস্থাপন) অংশীজনের সাথে আলোচনা করেন। সভায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার ২০২২-২৩) অংশীজনকে অবহিত করা হয়। এছাড়া দপ্তর/সংস্থা কর্তৃক সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার (সিটিজেনস্ চার্টারের) অগ্রগতি পর্যালোচনা করে অংশীজনের মতামত গ্রহণ করা হয়। অংশীজনের মতামতের ভিত্তিতে বিস্তারিত আলোচনা শেষে নিম্নের সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক নম্বর | আলোচনায় অংশগ্রহণকারীর নাম ও ঠিকানা | আলোচনা | গৃহীত পদক্ষেপ/সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১ | মোছা: ফৌজিয়া মাহজাবীন, শিক্ষার্থী, ৫ম শ্রেণি, হবিগঞ্জ, সিলেট | শিক্ষার্থী তার বক্তব্যে জানায়, লেখাপড়ার পাশাপাশি প্রাথমিক বিদ্যালয়ে খেলাধুলা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন হওয়ায় শিক্ষার্থীরা অনেক আনন্দের সাথে লেখাপড়া করছে। সে নিজেও আন্ত-প্রাথমিক বিদ্যালয় সাংস্কৃতিক প্রতিযোগিতায় ১ম স্থান অধিকার করেছে। প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ে এ ধরনের কার্যক্রম আয়োজন করার জন্য সে কর্তৃকপক্ষকে ধন্যবাদ জানায়। | শিক্ষার্থীদের মেধার বিকাশে প্রাথমিক বিদ্যালয়ে খেলাধূলা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন অব্যাহত রাখতে হবে।<br>বাস্তবায়ন: প্রধান শিক্ষক (সকল)। |
| ২ | জনাব তাজউদ্দীন আহমেদ, সহকারী শিক্ষক, গোলাপগঞ্জ, সিলেট | শিক্ষক তাঁর বক্তব্যে জানান, তাঁর বিদ্যালয়ে সিটিজেনস্ চার্টার মোতাবেক প্রতিনিয়ত অভিভাবকদের সাথে শিক্ষার্থীদের পড়ালেখার অগ্রগতি ও স্বাস্থ্য বিষয়ে আলোচনা করা হয়। | প্রতিটি বিদ্যালয়ে সিটিজেনস্ চার্টার হালনাগাদকরণ এবং গৃহীত কার্যক্রমগুলো নির্দিষ্ট সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে।<br>বাস্তবায়ন: প্রধান শিক্ষক (সকল)। |

| | | | |
|---|---|---|---|
| | | শিক্ষার্থীদের উপস্থিতি ও অন্যান্য বিষয়ে অভিভাবকদের সচেতন করা হয়। | |
| ৩ | জনাব দেলোয়ার হোসেন, সভাপতি, রায়পুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, মেহেরপুর, খুলনা | সভাপতি তাঁর বক্তব্যে জানান, তাঁর বিদ্যালয়ে ১ম থেকে ৮ম শ্রেণি পর্যন্ত ক্লাস চালু রয়েছে। তাঁর বিদ্যালয়ে প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকের একটি করে পদ শূণ্য থাকা সত্বেও অনলাইন সিস্টেমে তা শূণ্য দেখাচ্ছে না ফলে তাঁর বিদ্যালয়ে পাঠদানসহ দৈনন্দিন কর্মকান্ডে ব্যাঘাত ঘটছে। তিনি বিষয়টির আশু নিষ্পত্তি চান। | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বিদ্যালয়ের অবস্থা যাচাই -বাছাই করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। বাস্তবায়ন: জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মেহেরপুর। |
| ৪ | জনাব মফিজুর রহমান, প্রধান শিক্ষক, মেহেরপুর সদর, খুলনা | প্রধান শিক্ষক তাঁর বক্তব্যে জানান, সিটিজেনস্ চার্টারের বিষয়গুলো নিয়ে অভিভাবকদের সাথে আলোচনা করা হয়েছে এবং সেবা প্রদান অব্যাহত রয়েছে। | প্রতিটি বিদ্যালয়ে সিটিজেনস্ চার্টার হালনাগাদকরণ এবং গৃহীত কার্যক্রমগুলো নির্দিষ্ট সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে। বাস্তবায়ন: প্রধান শিক্ষক (সকল)। |
| ৫ | জনাব গৌরাঙ্গ ভৌমিক, পিটিআই সুপারিনটেনডেন্ট, | তিনি তাঁর বক্তব্যে জানান, তাঁর পিটিআই এর সিটিজেনস্ চার্টার প্রতি ত্রৈমাসিকে হালনাগাদ করা হচ্ছে। আগামী ৩০ মার্চ ২০২৩ তারিখের মধ্যে হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করা হবে। | প্রতিটি পিটিআই এর সিটিজেনস্ চার্টার তিন মাস পর পর হালনাগাদ করে স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করতে হবে। বাস্তবায়ন: পিটিআই সুপারিনটেনডেন্ট (সকল)। |
| ৬ | জনাব আব্দুল রাজ্জাক সিদ্দীকী, সহকারী জেলা শিক্ষা অফিসার, চাঁদপুর | তিনি তাঁর বক্তব্যে জানান, জেলা প্রাথমিক শিক্ষা অফিসের সিটিজেনস্ চার্টার প্রতি ত্রৈমাসিকে হালনাগাদ করা হচ্ছে। ৩য় ত্রৈমাসিকের হালনাগাদ কপি ৩০ মার্চ ২০২৩ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করা হবে। | প্রতিটি জেলা প্রাথমিক শিক্ষা অফিসের সিটিজেনস্ চার্টার প্রতি ত্রৈমাসিকে হালনাগাদ করে স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করতে হবে। বাস্তবায়ন: জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)। |
| ৭ | জনাব শাহআলম, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বাগেরহাট, খুলনা | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বাগেরহাট তাঁর বক্তব্যে জানান, সিটিজেনস্ চার্টারের প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের স্কেল মঞ্জুরির বিষয়টি বর্তমান প্রেক্ষাপটে বাদ দেয়া যেতে পারে। | স্কেল মঞ্জুরির বিষয়টি পরীক্ষা –নীরিক্ষা করে পরবর্তী ত্রৈমাসিকে সংশোধনের উদ্যোগ গ্রহণ করা হবে। বাস্তবায়ন: উপপরিচালক (সংস্থাপন)। |
| ৮ | জনাব ফজলে রহমান, সহকারী পরিচালক, বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, খুলনা | তিনি তাঁর বক্তব্যে জানান, তাঁর বিভাগীয় কার্যালয়ের সিটিজেনস্ চার্টার প্রতি ত্রৈমাসিকে হালনাগাদ করা হচ্ছে। ইতোমধ্যে হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। | প্রতিটি বিভাগীয় ও জেলা কার্যালয়ের সিটিজেনস্ চার্টার তিন মাস পর পর হালনাগাদ করে স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করতে হবে। বাস্তবায়ন: বিভাগীয় উপপরিচালক (সকল)। |

২। সভায় সভাপতি ও অতিরিক্ত মহাপরিচালক সিটিজেনস্ চার্টারের সেবাসমূহ নিয়ে স্টেকহোল্ডারদের সাথে আলোচনা করেন। মাঠপর্যায়ে সকল দপ্তরে সিটিজেনস্ চার্টার দৃশ্যমান জায়গায় প্রদর্শন এবং নির্ধারিত তারিখের মধ্যে আপলোড করে প্রমানক হিসেবে স্কিন শর্ট গ্রহণ করার নির্দেশনা প্রদান করে। বদলি জনিতকারণে, অন্যান্য কারণে কর্মকর্তা পরিবর্তন হলে সাথে সাথে সিটিজেনস্ চার্টার হালনাগাদ করতে হবে। তিনি প্রতি জেলা/ উপজেলায় সেবা প্রত্যাশিদের মতামত যাচাই করে সেবার মান উন্নয়নের প্রয়োজনীয় উদ্যোগ নিতে কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করেন।

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৯/০৩/২০২৩
সৈয়দ মামুনুল আলম
অতিরিক্ত মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ৫৫০৭৪৮৯৬৮
ই-মেইল: adgdpe@gmail.com

নম্বর- ৩৮.০১.০০০০.১০৭.১৮.০০৪.২১-৫৭

তারিখ: ১৫ চৈত্র, ১৪২৯ / ২৯ মার্চ, ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

১. পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. বিভাগীয় উপপরিচালক, (সকল)/ উপপরিচালক (সংস্থাপন)/সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটে সিটিজেনস্ চার্টার বক্সে আপলোডের অনুরোধসহ)।
৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও পিটিআই সুপারিনটেনডেন্ট, উপজেলা শিক্ষা অফিসার, ইউআরসি ইন্সট্রাক্টর ও প্রধান শিক্ষক।
৪. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. অতিরিক্ত মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক পিইডিপি-৪ এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়গণের সদয় অবগতির জন্য)।
৬. অফিস কপি।

২৯/৩/২০২৩
মো: হুমায়ুন ইসলাম
উপপরিচালক (সংস্থাপন)